# খালেদা জিয়ার মৃত্যুতে ফিফা সভাপতির শোকবার্তা



সংগৃহীত ছবি

বাংলাদেশের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ইন্তেকালে গভীর শোক জানিয়েছেন বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো। বাংলাদেশ ফুটবল ফেডারেশন আজ এক আনুষ্ঠানিক বিজ্ঞপ্তিতে বিষয়টি প্রকাশ করে।

ফিফা সভাপতির পাঠানো শোকবার্তায় বলা হয়, খালেদা জিয়া বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক শক্তিশালী ও প্রভাবশালী অধ্যায়ের প্রতিনিধিত্ব করেন। দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তিনি যে নেতৃত্ব ও সাহসিকতার দৃষ্টান্ত স্থাপন করেছেন, তা শুধু বাংলাদেশেই নয়, আন্তর্জাতিক মহলেও সম্মানিত। ইনফান্তিনো আরও জানান, বৈশ্বিক ফুটবল পরিবার এই শোকের সময়ে বাংলাদেশের জনগণ, সরকার এবং ফুটবল অঙ্গনের পাশে আছে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, গণতান্ত্রিক আন্দোলন, নারীর ক্ষমতায়ন এবং রাষ্ট্রীয় নেতৃত্বে খালেদা জিয়ার ভূমিকা বাংলাদেশকে একটি নতুন রাজনৈতিক বাস্তবতার দিকে এগিয়ে নিয়েছিল। তাঁর অবদান ইতিহাসে স্থায়ীভাবে স্মরণীয় হয়ে থাকবে।

LENS ASIA

দীর্ঘদিন অসুস্থ থাকার পর খালেদা জিয়া ২০২৫ সালের ৩০ ডিসেম্বর ঢাকার এভারকেয়ার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। পরদিন রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন হয়। তাঁর মৃত্যু দেশের রাজনীতিতে এক যুগের অবসান এবং একটি প্রভাবশালী অধ্যায়ের সমাপ্তি হিসেবে দেখা হচ্ছে।